

18 JUL 1992

দৈনিক বাংলা

75

তারিখ 18 JUL 1992

পৃষ্ঠা... কলাম...

ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে ফের গোলাগুলিঃ ক্যাম্পাসে উত্তেজনা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : কয়েকদিন শান্ত থাকার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের বিবাদমান গ্রুপ দুটির মধ্যে শুক্রবার প্রচণ্ড গোলাগুলি হয়।

ছাত্রলীগ (ম-ই) নিয়ন্ত্রিত সলিমুল্লাহ হল ও ছাত্রলীগ (আ-ল) নিয়ন্ত্রিত জহরুল হক হলের মধ্যে ভোরে গোলাগুলি শুরু হয়। গোলাগুলির প্রচণ্ড শব্দে আতঙ্কিত ছাত্ররা ঘুম থেকে জেগে উঠে। প্রত্যক্ষদর্শীরা জানায়, দু পক্ষই নানা ধরনের স্বয়ংক্রিয়

অস্ত্র থেকে পরস্পরের দিকে গুলিবর্ষণ করে। আধ ঘণ্টা ধরে প্রায় ৫০ রাউন্ড গুলি বিনিময় হয়। কোন হতাহতের খবর পাওয়া যায়নি। বহিষ্কৃত আওয়ামী লীগ নেতা মোস্তফা মহসীন মন্ডুর সমর্থকরা গত ২৭ মে জহরুল হক হল দখল করে নেয়ার পর ক্যাম্পাসে এ ধরনের গোলাগুলি প্রায় নিয়মিত ঘটনায় পরিণত হয়। গত দু'মাসে ছাত্রলীগের বিবাদমান গ্রুপ দুটির মধ্যে (আটের পাতায় ৮-এর কঃ দঃ)

ক্যাম্পাসে উত্তেজনা

(প্রথম পৃষ্ঠার পর)

কমপক্ষে ২৫ বার ছোট বড় সংঘর্ষ হয়েছে। সংঘর্ষে এ পর্যন্ত জহরুল হক হলে এক বহিরাগত যুবক নিহত হয়েছে এবং তিনজন স্কুল ছাত্রসহ ৪ জন গুলিবিদ্ধ হয়েছে। অস্ত্র ও অস্ত্রধারীদের সন্ধানে পুলিশ হলগুলোতে বার বার তল্লাশী চালিয়েও কোন অস্ত্র উদ্ধার বা কাউকে গ্রেপ্তার করতে ব্যর্থ হয়।

শুক্রবার ভোরে গোলাগুলির পর বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা আবার বৃদ্ধি পেয়েছে।

এদিকে বৃহস্পতিবার সলিমুল্লাহ হলে সামনে থেকে পুলিশ প্রহরা তুলে নেয়া হয়েছে। গত তিন মাস ধরে এক প্রাটিন পুলিশ নিয়মিত এই হলের সামনে পাহারায় ছিল। তবে পুলিশের উপস্থিতিতেই প্রতিদিন হল থেকে অস্ত্রধারীরা গোলাগুলি করেছে।